

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/চিশি-২/বেসমেক-০৯/১৯৯৯(অংশ-১)/ ২২৯

তারিখঃ ২২-০৫-২০১৭খ্রিঃ


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন মামলা নং-৩৭৯৪/২০১৭ এর প্রেক্ষিতে আইনানুগ কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

সূত্র নং-স্বাশিপক/যুঃসঃ (চিশি)/তদন্ত (বিএমএসআরআই)/২০১৭/১৪, তারিখঃ-২২-০৬-২০১৭খ্রিঃ যুগ্ম সচিব (চিশি) এর দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অধ্যাপক নিয়াজ আহমেদ চৌধুরী, অনারারী সেক্রেটারী এক্সিকিউটিভ কমিটি, বাংলাদেশ মেডিকেল স্টাডিজ এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বিএমএসআর), ঢাকা কর্তৃক বাংলাদেশ মেডিকেল কলেজ ও হাসপাতালের স্বাস্থ্য কর্মীদের কর্ম বিরতি তুলে না নেয়ার কারণে ক্ষুব্ধ হয় এর বৈধতা চ্যালেঞ্জ করে দরখাস্তকারী এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়সহ ১২ জনের বিরুদ্ধে হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৭৯৪/২০১৭ দায়ের করেছে। এছাড়া, মহামান্য হাইকোর্টের আদেশে একটি তদন্ত কমিটি গঠন করে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করেছে।

০২। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে এ সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটি গত ০৭-০৫-২০১৭খ্রিঃ তারিখে উক্ত প্রতিষ্ঠান সেরেজিমনে তদন্ত করে প্রতিবেদন প্রদান করেছে। উক্ত প্রতিবেদনের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগকে অবহিকরণের লক্ষ্যে প্রতিবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ-বর্ণনামতে।


(বদরুন নাহার) ২০১৭
উপসচিব
ফোন-৯৫৪০৬৯০

উপসচিব
আইন অধিশাখা
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। ডেপুটি সলিসিটর (রীট), বিজ্ঞ সলিসিটরের দপ্তর, আইন ও বিচার বিভাগ, অ্যাটর্নী জেনারেল ও সলিসিটরের কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। অতিরিক্ত-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্ম সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।